# চলতি সাল থেকে এসএসসি ও এইচএসসি পরীক্ষা ৭টি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত হবে

**ইনকিলাব রিপোর্ট ঃ** ২০০১ সাল থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা দেশের ৭টি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত হবে। ২০০০ সালের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষা দেশের ৫টি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত হয়েছিল। নতুন শিক্ষা বোর্ড ২টি হলো বরিশাল ও সিলেট শিক্ষাবোর্ড। আগামী ১৫ মার্চ বৃহস্পতিবার থেকে একযোগে ৭টি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি পরীক্ষা শুরু হবে এবং ৩১ মার্চ পর্যন্ত পরীক্ষা চলবে। ব্যবহারিক পরীক্ষার সময় নির্ধারণ করা হয়েছে ১০ এপ্রিল থেকে ১৫ এপ্রিল পর্যন্ত। বিভাগ উন্নয়ন ও এক বিষয়ের পরীক্ষাও পরীক্ষার এ সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজ[ন] কর্তৃপক্ষ পরীক্ষার সময়সূচী পরিব[র্তন] করতে পারবেন।

পরীক্ষা অনুষ্ঠানের বিশেষ নির্দেশাবলী হ[লো] ঃ প্রশ্নপত্রে উল্লেখিত সময় অনুযায়ী পরীক্ষ[া] গ্রহণ করতে হবে। প্রথমে রচনামূলক [...] পরে নৈর্ব্যক্তিক পরীক্ষা অনুষ্ঠিত হবে উভয় পরীক্ষার মাঝে ১০ মিনিট সময়ে[র] ব্যবধান থাকবে। পরীক্ষার্থীগণ নিজ নি[জ] শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রবেশপত্র সংগ্র[হ] করবে। মার্জিন রাখার জন্য কোন ক্রমে[ই] পরীক্ষার খাতা ভাঁজ করা যাবে না ব্যবহারিক পরীক্ষা স্ব স্ব পরীক্ষা কেন্দ্রে

৭-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## ৭টি শিক্ষাবোর্ডের অধীনে পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

অনুষ্ঠিত হবে। পরীক্ষার্থীগণ কেবলমাত্র নিবন্ধনপত্রে বর্ণিত বিষয়সমূহে পরীক্ষায় অংশ নিতে পারবে। আগামী ১৫ মার্চ থেকে অনুষ্ঠিতব্য ২০০১ সালের এসএসসি পরীক্ষার বিষয় ভিত্তিক সময়সূচী নিম্নরূপ